

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-২ ১৯০

আগরতলা, ১৪ সেপ্টেম্বর, ২০ ১৮

দীপাবলি উৎসব ও মেলা উপলক্ষে  
সচিবালয়ে বৈঠক অনুষ্ঠিত

উদয়পুরের মাতাবাড়িতে আসন্ন দীপাবলি উৎসব ও মেলা সাফল্যমন্ডিত করে তোলার জন্য আজ মহাকরণের ২নং কনফারেন্স হলে মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেবের সভাপতিত্বে এক বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে রাজ্য সরকারের বিভিন্ন দপ্তর এই উৎসব ও মেলায় প্রদর্শনী মন্ডপ খুলবে বলে সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এই প্রসঙ্গে মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব বলেন, গ্রামীণ অর্থনীতি কৃষি নির্ভরশীল। গ্রামীণ জনগণকে অর্থনৈতিকভাবে স্বাবলম্বী করতে হলে কৃষিক্ষেত্রের উপর জোর দিতে হবে। সেই অনুযায়ী তিনি মেলাতে কৃষি দপ্তরের বিভিন্ন প্রকল্প সম্পর্কে মানুষকে আকৃষ্ট করার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়ার উপর গুরুত্ব আরোপ করেন। কৃষির পাশাপাশি প্রাণী সম্পদ বিকাশ, মৎস্য, শিল্প ইত্যাদি দপ্তরকেও তাদের প্রদর্শনী মন্ডপের মাধ্যমে বিভিন্ন প্রকল্পের বিষয়ে জনসাধারণকে অবহিত করার জন্য মুখ্যমন্ত্রী পরামর্শ দিয়েছেন। তিনি বলেন, প্রদর্শনী মন্ডপগুলিতে এমন ব্যবস্থা রাখতে হবে যাতে বিভিন্ন দপ্তরের প্রকল্প সম্পর্কে অবহিত হয়ে স্বাবলম্বী হতে ইচ্ছুক বেকার যুবক-যুবতীরা তাদের নাম, ঠিকানা, যোগাযোগ নম্বর ইত্যাদি লিখে রাখতে পারে। পরবর্তী সময়ে দপ্তর এই সমস্ত উদ্যোগীদের অর্থনৈতিক দিক দিয়ে স্বাবলম্বী করে তোলার জন্য উদ্যোগ নিতে পারবে।

বৈঠকে আলোচনাক্রমে সিদ্ধান্ত হয়েছে যে, এই উৎসব ও মেলা উপলক্ষে সাধুসন্তদের দিয়ে এক যজ্ঞের আয়োজন করা হবে। ৫ নভেম্বর থেকে শুরু হয়ে এই যজ্ঞ ৭ নভেম্বর পর্যন্ত চলবে। বৈঠকে পর্যটন মন্ত্রী প্রণজিৎ সিংহ রায়, বিধায়ক বিপ্লব ঘোষ, মুখ্য সচিব সঞ্জীব রঞ্জন, অতিরিক্ত মুখ্য সচিব জি এস জি আয়েঙ্গার, অতিরিক্ত মুখ্য সচিব সুশীল কুমার, মুখ্যমন্ত্রীর প্রধান সচিব কুমার অলক, বিভিন্ন দপ্তরের প্রধান সচিব, সচিবগণ সহ বিভিন্ন দপ্তরের অধিকর্তাগণ, গোমতী জেলার জেলাশাসক প্রমুখ উপস্থিত ছিলেন।

\*\*\*\*\*